

ফোনঃ ৮৮-০২-৯৫৫৫১৩৩
ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৫১০৭৩

বাংলাদেশ পানি  উন্নয়ন বোর্ড
সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

Phone: 88-02-9555133
Fax: 88-02-9551073

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-৩৮৩

তারিখঃ ২৪-১২-২০১৯ খ্রিঃ

“সার্কুলার”

বিষয়ঃ ২০১৯-২০ অর্থ বছরে বরাদ্দের অতিরিক্ত অর্থ চাহিদা প্রসংগে।

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯-২০ অর্থ বছরে পরিচালন ও উন্নয়ন খাতে বাজেট সুষ্ঠুভাবে এবং সময়মতো বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ এর বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ এর স্মারক নং- ০৭.১০১.০২০.০০.০০.০১০.২০১৯-৫৬৮, তারিখঃ- ১৯ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ মোতাবেক বাজেট পরিপত্র জারি করা হয়েছে। উক্ত পরিপত্রে আবশ্যিকভাবে অনুসরণীয় নিম্নোক্ত নীতিমালাসমূহ বোর্ডের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে যথাযথভাবে পালনের নিমিত্ত অনুরোধ করা হলোঃ

ক) ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন অবশ্যই চলতি অর্থ বছরের মূল বাজেটে প্রদর্শিত মোট ব্যয়সীমার (পরিচালন ও উন্নয়ন) মধ্যে সংকুলানযোগ্য হতে হবে। কোনভাবেই অতিরিক্ত বরাদ্দ দাবী করা যাবে না।

খ) ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত ব্যয়ের প্রাক্কলন প্রণয়নকালে অনুমোদিত মূল বাজেটে প্রদর্শিত মোট উন্নয়ন ব্যয়ের মধ্যে কোন অর্থ অব্যয়িত থাকবে বলে অনুমিত হলে উক্ত অব্যয়িত অর্থ কোনক্রমেই পরিচালন বাজেটে স্থানান্তর করা যাবে না।


গ) মূল্য বৃদ্ধি ব্যতিরেকে সরবরাহ ও সেবা খাতের অন্তর্ভুক্ত কোন আইটেমের বরাদ্দ বৃদ্ধি করা যাবে না।

ঘ) মূল বাজেটে সংস্থান ছিল না এমন কোন সম্পদ সংগ্রহের জন্য সংশোধিত বাজেটে অর্থ বরাদ্দ করা যাবে না।

ঙ) অর্থ বিভাগের অনুমোদনক্রমে অথবা মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অর্পিত ক্ষমতাবলে কোন অর্থ পুনঃউপযোজন করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট কোডে পুনঃউপযোজনকৃত অর্থের প্রতিফলন নিশ্চিত করতে হবে।

উল্লিখিত বিষয়গুলো যথাযথভাবে অনুসরণের জন্য মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের কঠোর নির্দেশনা রয়েছে।

মহাপরিচালক, বাপাউবো মহোদয় এর অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


মোঃ মুজিবুর রহমান
সচিব
বাপাউবো, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে:-

- ১। অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন, বাপাউবো, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, অর্থ, বাপাউবো, ঢাকা।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক, ইন্টার্ন রিজিয়ন, বাপাউবো, ঢাকা।
- ৪। অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
- ৫। অতিরিক্ত মহাপরিচালক, ওয়েস্টার্ন রিজিয়ন, বাপাউবো, ঢাকা।
- ৬। প্রধান প্রকৌশলী, পওর, বাপাউবো, ঢাকা।
- ৭। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

বিতরণ ও কার্যার্থে

- ১। চীফ মনিটরিং, বাপাউবো, ঢাকা।
- ২। প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
- ৪। প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা।
- ৫। প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট।
- ৬। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম।
- ৭। প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
- ৮। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা।
- ৯। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
- ১০। প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
- ১১। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
- ১২। প্রধান প্রকৌশলী, যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর, বাপাউবো, তেজগাঁও, ঢাকা।
- ১৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ।
- ১৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, খুলনা।
- ১৫। প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ঢাকা।
- ১৬। প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
- ১৭। পরিচালক, কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ১৮। পরিচালক, প ও র পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ১৯। পরিচালক, অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ২০। পরিচালক, স ও যা, বাপাউবো, ঢাকা।
- ২১। সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা (সার্কুলারটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।